দৈনিক ইত্তেফাক

তারিখ ... [illegible]

পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হইবে ৫ই মে

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ পবিত্র ঈদুল ফিতরের ছুটির পর পূর্ব ঘোষিত ১৬ই মে'র পরিবর্তে ৫ই মে শুরু হইবে। আগামীকাল (সোমবার) হইতে ঈদের ছুটি শুরু হইতেছে।

### রেজিষ্টার্ড গ্রাজুয়েটদের আপীল

এদিকে সিনেটের অধিবেশনের উপর ইতিপূর্বে জারিকৃত নিষেধাজ্ঞা উচ্চ আদালত স্থগিত রাখায় সিনেটের রেজিষ্টার্ড গ্রাজুয়েটের পক্ষ হইতে দুইজন প্রতিনিধি ঢাকার ৩য় অতিরিক্ত জেলা জজের আদালতে আপীল করিয়াছেন। আপীলে নিষেধাজ্ঞা স্থগিত রাখা সম্পর্কিত [illegible]তর সিদ্ধান্ত পুনর্বিবেচনার আ[illegible] করা হইয়াছে। আপীলের প্রেক্ষিতে আগামীকাল (সোমবার) শুনানি অনুষ্ঠিত হইবে।